



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৭

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩-৪৫২৩

তারিখ: ০৩ আগস্ট ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি-

সাম্প্রতিককালে ধর্ষণের ঘটনা বেড়ে যাওয়ায় উদ্বেগ

সম্প্রতি ধর্ষণের ঘটনা বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক। বগুড়ায় ছাত্রী ধর্ষণ, রাজধানীতে ০৪ বছরের শিশুকে ধর্ষণের পর হত্যা, ধর্ষণের কারণে অন্তঃসত্ত্বা হয়ে পড়ায় শরীয়তপুরে দশম শ্রেণীর ছাত্রীর আত্মহত্যা, টাঙ্গাইলে এক তরুণীকে সাত মাস আটকে রেখে ধর্ষণ, আপন ফুফার হাতে বাকপ্রতিবন্ধি তরুণী ধর্ষণ-সহ একের পর এক ধর্ষণের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন তীব্র নিন্দা জানাচ্ছে।

জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, “সাম্প্রতিক সময়ে নারীর প্রতি সহিংসতা, ধর্ষণ ও হামলার ঘটনা বৃদ্ধি পাচ্ছে যা বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে এবং যথাসময়ে ন্যায়বিচার নিশ্চিত না হওয়ায় দুর্বৃত্তরা নিয়ন্ত্রনহীন হয়ে পড়েছে। সামাজিক অস্থিরতা এবং বিচারহীনতার সংস্কৃতির কারণে এ ধরনের ঘণ্য ঘটনার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে বলে প্রতীয়মান হয়। এছাড়াও, কিছু দুর্বৃত্ত রাজনৈতিক ও প্রশাসনিক ছত্রছায়ায় এ ধরনের অপরাধ করছে যা মোটেই গ্রহণযোগ্য নয়। কমিশন মনে করে, এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে এসব ঘটনা দ্রুত আমলে নিয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক। অভিযুক্তদের গ্রেপ্তার করে দ্রুত ও সঠিকভাবে তদন্ত প্রক্রিয়া সম্পন্ন করে আদালতে সোপর্দ এবং মামলার দ্রুত নিষ্পত্তি করা প্রয়োজন। কমিশন আইন-শৃঙ্খলা বাহিনীকে তাদের নিরাপত্তা জোরদার করার আহ্বান জানাচ্ছে। পাশাপাশি, কমিশন আশা প্রকাশ করে যে, আইন-শৃঙ্খলা কর্তৃপক্ষ টাঙ্গাইলে তরুণীকে ধর্ষণের অভিযোগে অভিযুক্ত বাদল মিয়াসহ সকল ধর্ষককে দ্রুত গ্রেপ্তার এবং জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে”।

উল্লেখ্য যে, উল্লিখিত বেশ কয়েকটি ধর্ষণের ঘটনায় কমিশন স্বতঃপ্রণোদিত অভিযোগ আমলে নিয়ে কমিশন কর্তৃক নিয়োগকৃত প্যানেল আইনজীবীর সাহায্যে ভুক্তভোগীদের আইনি সহায়তা প্রদানের কার্যক্রম শুরু করেছে।

বার্তা প্রেরক

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬